গোপী। কেন মুদীর সঙ্গে আবার লাগ্‌তে গেছ্‌লি কেন?

ঝী। লাগ্‌তে গিয়েছিলুম! সে কিনা আমার যুগ্যি লোক তাই লাগ্‌তে গেছ্‌লুম; তবে ভাঙ্গবো হাটে হাঁড়ি, দেশ সুদ্ধ ধার ক'রে রেখেছ জান না; ছেলের বে্ দে টাকা দেব দেব ক'রে আমাকেও টাল দে রেখেছ—দেশ সুদ্ধ লোককেও রেখেছ; কেন, আর লোক দেবে কেন ধার, বেশ ক'রেছে মুদী মিন্‌ষে! সে বলা তো আমায় হয়নি, তোমাকেই হ'য়েছে—আমি কে!—দাসী বইতো নয়।

গোপী। তা বেশ হ'য়েছে—আমাকেই হ'য়েছে, এখন তুই বাড়ীর ভেতর যা।

ঝী। বাড়ীর ভেতর যাব তো খাবে কি? নেয়ে উঠে চিবিয়ে খাবার চালটী ঘরে নেই, কয়লার ধামা খালি, ডাল তর্‌কারি তো চুলোয় যাক্।

গোপী। (স্বগত) মাগী তো বড় পাজী হয়েছে। (প্রকাশ্যে) তা তোরা সব না ফুরুলে তো আমায় বল্‌বিনি— গিন্নীরও যেমন—

(মুদীর প্রবেশ।)

ঝী। এই যে মিন্‌ষে বাড়ী পর্য্যন্ত এসেছে! কি বাড়ী ব'য়ে গাল দিতে এসেছিস্ নাকি? আ-মর মিন্‌ষে, আস্পর্দ্ধা কম নয়!

মুদী। কিরে মাগী, অত রেগেছিস্ কেন?

ঝী। মাগী—মাগী—মাগী তোর বাপ খুড়ো, তোর সাত-পুরুষ মাগী; যাই দেখি মাঠাকৃরুণের কাছে কেমন কর্ত্তা বুঝে নেব। আমার এমনি হিসাব গণ্ডা চুকিয়ে চাই; আমি চোদ্দ পোনের বছর কল্‌কেতায় এয়েছি—বড় বড় ঘরে কর্ম্ম ক'রেছি—

মন্মথ। যৎসামান্য, সেকাল আর নেই, তবে কোন মতে সংসার চালান, আর নিজে ঐ আড়ৎখানি করেছি।

ঘটক। ( জনান্তিকে ) চুপ্, চুপ্।

গোপী। আড়ৎ করেছেন? কৈ ঘটক মশাই সে কথা তো আমায় বলনি!

ঘটক। সে লোকসেনে আড়তের কথা আর মুখে আন্‌তে আছে, এই শীতের মরসুমটা দেখেই তুলে দেবেন।

গোপী। তুলে দেবেন কেন—জামাইকে দিন না।

ঘটক। ( স্বগত ) এই সার্‌লে রে।

মন্মথ। আজ্ঞা, সেখানি আমার পরিবারের স্ত্রীধন।

( ঝীর প্রবেশ। )

ঝী। গিন্নী বল্‌ছেন ভালই তো, ব্যান কেন জামাইকে দিক না, মাগীর এরচেয়ে আর আহ্লাদ কি—এমন দিন আর কবে হবে!

ঘটক। ওয়ে বাছা—তুই এয়েছিস, দু-কল্কে তামাক আন্ দেকি।

ঝী। রোস, আমার এখন একড়াঁই বাসন পড়ে রয়েছে; তামাক কোতা—বাজারে টোক্‌লা সাধ্‌তে যাব তবে তো সব আস্‌বে, একলা মানুষ আর কত কর্‌বো।

গোপী। তুই এখন যা যা, পাগ্‌লী কোথাকারে! নন্দ কোথায়?

ঝী। দাঁড়াও এখন, আধঘণ্টা ধরে সিঁতে বাগান হোক্; সে জলের ঘটী পড়েছে, আর্‌সি বেরিয়েছে, আঁচড়াচ্ছেই—আঁচড়াচ্ছেই, পোড়াচুল আর ফেরে না, সে শোয়ারের কুঁচি

নন্দ। দাঁড়াও, কাণ জ্বল্‌ছে।

বস। এস এস, আমি হাত বুলিয়ে দিচ্চি, আহা! দেখ-দেখিন রাঙা হ'য়ে উঠেছে, সুরি তুই বড় দুষ্টু, মোহিনীও কম নয়, তুমি গাও ভাই।

নন্দ। আমি বড় সন্তুষ্ট হ'লেম, আপনারা যে কুসংস্কার বর্জ্জন ক'রে স্ত্রীপুরুষে একত্রে মিলে গীত বাদ্যাদি আমোদ কোত্তে শিক্ষা করেছেন, এ ভারতের উন্নতির পাষাণ সোপান। এ চেলির পুঁটুলিটীর ভিতর কি—সাড়া শব্দ নেই!

বস। ওর ভেতর সাতরাজার ধন।

সুর। তোমার কলা-বৌ, বুঝেছ গণেশরাম, এখন গাও, ওর তখন চিরকাল পরিচয় নিও।

নন্দ। সভায় গীত বিষয়ে স্ত্রীলোকই নেতা।

সুর। নেতা, নে ভাই নেতাদিদি, বর বলেছে নেতাকেই গাইতে হবে।

মোহি। বেশ বেশ, বের বাসর তোর সেই গানটী গা; শোন একবার, তোমার শালীর গলা শোন, যেন শেখা বিদ্যে।

নৃত্য। না ভাই, বাবা শুন্‌তে পেলে বক্‌বেন।

সুর। মামা কোথা? মামা সেই সদরের ঘরে ঘুমিয়েছেন, তুই গা।

নৃত্য। দ্যাখ ভাই, নিন্দে টিন্দে ক'রনা, তোমরা কত যায়-গায় গান শোন, আমরা গেরস্তর বৌ—শুনে শেখা বৈত নয়।

নন্দ। আপনি গান্‌না, নিন্দে কি? আমি এ বিষয় কাগজে ভাল ক'রে ছাপিয়ে দেব।

নৃত্য। সর্ব্বনাশ! এমন কাজ ক'রনা, তা হ'লে আমি গাইব না।

